উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

**জুন ২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: ওবায়দুর রহমান বেলাল<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৩ জুন ২০২২ খ্রি:। |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর পক্ষে মেডিকেল অফিসার ডা: শামীম ইফতেখার সভায় জানান, করোনা পরিস্থিতি বৃদ্ধি পাওয়ায় মাস্ক পরিধান জোরদার করার জন্য উপজেলা প্রশাসনের নিকট বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন, সামনে বন্যা পরিস্থিতিতে পানিতে ডোরা সাপে কাঁটা রোগীদের চিকিৎসার জন্য এ উপজেলায় মেডিকেল টিম প্রস্তুত রাখা হয়েছে। রোগী আসা মাত্রই তাদের সুচিকিৎসা প্রদান করা হবে। বায়োমেট্রিক হাজিরা চালুর মাধ্যমে সকল চিকিৎসাকর্মীদের উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্যসেবার মান নিশ্চিতকরণসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এবারের বন্যায় কৃষকদের পাটের ব্যাপক ক্ষতি হওয়ায় ক্ষতিগ্রস্থ কৃষকদের তালিকা প্রস্তুত করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে পাটে ক্ষতিগ্রস্থ কৃষকদের তালিকা উপজেলা কৃষি অফিস হতে গ্রহণ করে জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হল। | ১.উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর।<br>২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বৎসরের রাজস্ব উদ্বৃত্ত এবং বার্ষিক উন্নয়ন তহবিলের প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ করা হয়েছিল। প্রকল্পগুলোর প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত করা হয়েছে এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর দাখিলকৃত চলতি জুন/২০২২ মাসে তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নরুপ:<br>প্রশিক্ষণ = ২০৬ জন<br>খামার রেজিস্ট্রেশন = ০১ টি<br>রাজস্ব আদায় = ৭১৩৮০/-<br>চিকিৎসা (গবাদি পশু) =৪৭৬৩ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ৪৩৬৮৭ টি,<br>টিকাদান (গবাদি পশু) = ১১১৮৪ টি<br>টিকাদান(হাঁস মুরগী) = ১০৬২০০ টি, কৃত্রিম প্রজনন = ১০০০ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩০৮ টি।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরের আওতায় এনএটিপি-২ প্রকল্পের আওতায় ১৭ জন চাষিকে প্রদর্শনীর উপকরণ সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে জুন/২০২২ মাসে স্থায়ী বন্ধ্যাকরণ-০১ জন, আইইউডি-১৩ জন, ইমপ্লান্ট-৫০ জন, ইনজেকশন-৫৫৭ ভায়েল, খাবার বড়ি (সুখী)-১২৫২১ চক্র, কনডম-১২৪৫৭ পিছ, ইসিসি-২১ জন এবং প্রতিষ্ঠানিক ডেলেভারী-০৮ জন।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে স্বাস্থ্যসেবার মান জোরদার করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ উপজেলায় ছাত্রছাত্রীদের ইউনিক আইডির কার্যক্রম চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি জুন/২০২২ মাসের-<br>১. অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি খাতে বিভিন্ন স্তরের ৫৫ জন শিক্ষার্থীর তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়েছে।<br>২. রোগী কল্যান সমিতির আওতায় দরিদ্র অসহায় রোগীদের মাঝে বিনামূল্যে ঔষুধ বিতরণ করা হচ্ছে।<br>৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম অব্যাহত আছে।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ,- জামালপুর সভায় জানান, বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত PRDP-3 প্রকল্পের ১৬ টি স্কীমের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া চলতি মাসে ৩০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান এবং ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে।<br>অপরদিকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্থারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং টিআর কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পের বিপরীতে খাদ্যশস্য ও নগদ অর্থ ছাড় করা হয়েছে এবং কাজ প্রায় ১০০% সমাপ্ত হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোনান্তে ৩০ জুন ২০২২ খ্রি: তারিখের মধ্যে প্রকল্পের কাজ শেষ করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২০২২ মাসে অপ্রাতিষ্ঠানিক ভ্রাম্যমান ০২ টি ব্যাচের প্রশিক্ষন কার্যক্রম সফলতাবে সম্পন্ন করা হয়েছে। তাছাড়া ঋন আদায় এবং বিতরণ কার্যক্রম চলমানসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় দুটি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: রয়েছে। উক্ত সমিতির অনুকূলে ২(দুই) কোটি ৪০ (চল্লিশ লক্ষ) টাকা ঋন প্রদান করা হয়েছে। তাছাড়া সমিতিতে ২০০ জন সফলভোগী রয়েছে। উক্ত সমিতিতে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের জুন/২০২২ মাসের কার্যক্রমসমূহ :<br>১। মাতৃত্বকালীন ভাতা : উক্ত কর্মসূচির আওতায় ১১৬৯ জনের ভাতা কার্যক্রম চলমান আছে এবং বকেয়া ভাতা প্রদান করা হচ্ছে।<br>২। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল : উক্ত কর্মসূচির আওতায় মাদারগঞ্জ পৌরসভায় ৪৭৫ জনের ভাতা কার্যক্রম চলমান আছে।<br>তাছাড়া কিশোর-কিশোর ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ০৮ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি চাউল বিতরণসহ অন্যান্য ভাতা বিতরণ কার্যক্রমে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ। | উপ সহকারি পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের জুন/২০২২ মাসে এ উপজেলায় প্রকল্পভূক্ত নাবীপাটবীজ উৎপাদনকারী চাষীর নিকট হতে ৮০০ কেজি তোষাপাট বীজ ক্রয় করা হয়েছে। তাছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে ২২০০ কেজি তোষা পাটবীজ পাট অধিদপ্তর হতে বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত পাটবীজ প্রকল্পভূক্ত চাষীদের মধ্যে বিনামুল্যে বিতরণ করা হবে; তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উৎপাদিত তোষা পাটবীজ ব্যবহারের জন্য কৃষকদের সচেতনতা বৃদ্ধি করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের জুন/২০২২ মাসের ঋণ বিতরণ ৪০.০০ লক্ষ টাকা এবং আদায় ৫৫.০০ লক্ষ টাকা। এক্ষেত্রে আদায়ের লক্ষ্যমাত্রা ৯৭%। অপরদিকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২১. | উপজেলা বন বিভাগ | ফরেস্টার, মাদারগঞ্জ,জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরের জুন/২০২২ মাসের<br>MF ঋণ বিতরণ : ৬৫.৭৮ লক্ষ টাকা<br>আদায় : ৬৯.৯৩ লক্ষ টাকা<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডোর টু ডোর উঠান বৈঠক কার্যক্রম চলমান আছে। তাছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট সমিতির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় দু:স্থ ৯ জন ইমাম এবং মুয়াজ্জিনকে ৪০০০/-টাকা হারে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। এছাড়া ০২ জন সামর্থবান ইমামকে ১৫০০০/- টাকা হারে সুদমুক্ত ঋণ বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ১ নং চরপাকেরদহ এবং ৪ নং বালিজুড়ী ইউনিয়নের সৌলার সেচ পাম্প স্থানের জন্য জমি নির্ধারণ করত: সাব-কবলা জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরও বলেন পরবর্তী অর্থ বছরে বরাদ্দ পাওয়ার জন্য উপজেলা মুল্যায়ন করা হবে। তাই এ বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মুল্যায়নের ক্ষেত্রে সকল দপ্তর প্রধানগণকে এবং সৌলার পাম্প স্থাপনের জন্য চেয়ারম্যান,চরপাকেরদহ এবং বালিজুড়ী ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা সকল অফিসার মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান, চরপাকেরদহ এবং বালিজুড়ী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ।<br>৩. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৭. | বিবিধ আলোচনা | ক. জনাব মো: ওবায়দুর রহমান বেল্লাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত পাজেরো জীপগাড়ীর জুলাই/২০২১ মাস হতে জুন/২০২২ মাস পর্যন্ত সিএনজি গ্যাস এবং অকটেন খাবদ ১,৫৪,৫২১/-(এক লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত একুশ) টাকার বিল মেসার্স জাবেদ ফিলিং স্টেশন, জামালপুর কর্তৃক দাখিল করেছেন। দাখিলকৃত বিল পরিশোধের নিমিত্ত স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১০ আগস্ট ২০২১ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারক মুলে প্রাপ্ত নির্দেশনার আলোকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেসার্স জাবেদ ফিলিং স্টেশন, জামালপুর এর অনুকূলে ১,৫৪,৫২১/-(এক লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত একুশ) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| খ. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদ ভবনের বিদ্যুৎ বিলের মিটার হিসাব নং ৩৭৩/১৩৩১ এর জুলাই/২০২১ মাস হতে জুন/২০২২ মাস পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ ৬৬,২০৩/-(ছেষট্টি হাজার দুইশত তিন) টাকা জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, জামালপুর কর্তৃক দাখিল করেছেন। দাখিলকৃত বিদ্যুৎ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী বিধি মোতাবেক জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, জামালপুর এর অনুকূলে ৬৬,২০৩/-(ছেষট্টি হাজার দুইশত তিন) টাকার বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী [illegible] মাদারগঞ্জ, জামাল[illegible] |
| গ. জনাব ইলিশায় রিছিল, উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ২০২২ যথাযোগ্য মর্যাদায় এ উপজেলায় উদযাপন করা হয়েছে। উক্ত জন্মবার্ষিকীতে বিভিন্ন খরচের ব্যয় পরিশোধের জন্য ২২,২৫০/-(বাইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ অভ্যন্তরে বিভিন্ন দিবস ও মেলা উদযাপনে পাহাড়া নিশ্চিতকল্পে আনসার এবং গ্রামপুলিশ নিয়োগের দৈনিক হাজিরার ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বিল পরিশোধের জন্য সভায় প্রস্তাব করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক নং ৩ এর "খ" জাতীয় দিবস উদযাপন খাত হতে এবং "ম" নিরাপত্তা খাত (আনসার) হতে ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| ঘ. জনাব মো: আসিফ ইকবাল, উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, মেলান্দহ ইউনিট, জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, মাদারগঞ্জ উপজেলায় কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনার বিভিন্ন ধাপে মোট ৮২৫(আটশত পঁচিশ) টি আবেদন উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের কার্যালয়ে দাখিল করা হয়েছিল। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে বিধি মোতাবেক উপজেলা সেচ কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে যথারীতি ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, ৮২৫(আটশত পঁচিশ) টি আবেদনের বিপরীতে প্রতিটি ৫০০/- টাকা হারে মোট ৪,১২,৫০০/-(চার লক্ষ বার হাজার পাঁচশত) টাকা সাইট পরিদর্শন ও জ্বালানী ব্যয়, স্টেশনারী ব্যয় বাবদ ৩৩০০/-(তিন হাজার তিনশত) টাকা, আবেদন ফরম সরবরাহ বাবদ-৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, লাইসেন্স বই সরবরাহ বাবদ-৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা এবং সভার আপ্যায়ন বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা সর্বমোট ৪,৩০,৬০০/-(চার লক্ষ ত্রিশ হাজার ছয়শত) টাকা কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ এর ১৩ নং অনুচ্ছেদের উপ-বিধি ২ এর ক্ষমতাবলে ব্যয় নির্বাহের জন্য সভায় অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ এর ১৩ নং অনুচ্ছেদের উপ-বিধি ২ মোতাবেক ৪,৭০,০০০/-(চার লক্ষ সত্তর লক্ষ) টাকা সংশ্লিষ্ট খাতের হিসাব হতে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত। | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, মেলান্দহ ইউনিট, জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, মাদারগঞ্জ, জামালপুর। |
| ঙ. জনাব ইলিশায় রিছিল, উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়ের পর অব্যয়িত অর্থ প্রতি বছরে ৩০ জুন এর পর উন্নয়ন তহবিলে জমা প্রদান করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক নং ৫ এর অনুচ্ছেদ-৩(গ) মোতাবেক নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, উক্ত নির্দেশনার আলোকে ১ লা জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত বিভিন্ন খাতে খরচের পর অব্যয়িত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তরের জন্য সভায় প্রস্তাব করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে বিভিন্ন খাতে খরচের পর অব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর নীতিমালা আলোকে উন্নয়ন তহবিলে স্থানান্তরের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| চ. জনাব ইলিশায় রিছিল, উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর-এ কর্মরত (১) জনাব মো: আব্দুস ছাত্তার লেবু, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এবং (২) জনাব মো: জামাল সাকিব, গাড়ী চালক এর চাকুরির যোগদানকাল ০৫-০৪-২০১২ খ্রি: তারিখ হওয়ায় গত ০৪-০৪-২০২২ খ্রি: তারিখ ১০(দশ বছর) পূর্তি হয়েছে। জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) ধারা মোতাবেক চাকুরির যোগদানকাল হতে ১০(দশ বছর) পূর্তি হলে উচ্চতর গ্রেড পাওয়ার বিধান রয়েছে। সেমতে সংশ্লিষ্ট কর্মচারিদ্বয় গত ০৪-০৪-২০২২ খ্রি: হতে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন দাখিল করেছেন। উক্ত আবেদনদ্বয় অনুমোদনসহ মঞ্জুরীর জন্য সভায় প্রস্তাব করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর-এ কর্মরত (১) জনাব মো: আব্দুস ছাত্তার লেবু, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এবং (২) জনাব মো: জামাল সাকিব, গাড়ী চালক এর চাকুরীকাল ০৫-০৪-২০১২ খ্রি: তারিখ হতে গত ০৪-০৪-২০২২ খ্রি: তারিখ ১০(দশ বছর) পূর্তি হওয়ায় গত ০৪-০৪-২০২২ খ্রি: তারিখ ১ম উচ্চতর গ্রেড মঞ্জুরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ, জামালপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | |
|---|---|---|---|
| | ৬. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২০-২০২১ অর্থ বছরে "উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসাবাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তা ঘাটলা মেরামত উপ-খাতের" আওতায় উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন সংস্কার কাজের জন্য ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকা স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে বরাদ্দ পাওয়া গিয়াছিল। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তার দৈর্ঘ্য সংকুলান না হওয়ায় প্রথম পর্যায়ে মোট ২১,১১,৬৮৪/-(একুশ লক্ষ এগার হাজার ছয়শত চুরাশি) টাকার প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন পূর্বক দরপত্র আহবান করা হয়। প্রাক্কলিত মূল্য হতে ৫% ভাগ কম দরে ২০,০৬,০৯৯/-(বিশ লক্ষ ছয় হাজার নিরানব্বই) টাকায় দরপত্র গ্রহণপূর্বক ঠিকাদার নিয়োগ করে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে রাস্তার দৈর্ঘ্য ১৬০ মিটারের স্থলে ২১০ মিটার হওয়ায় পুনরায় সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করার ফলে সর্বমোট প্রাক্কলিত মূল্য দাড়ায় ২৪,২১,৬৯৮/-(চব্বিশ লক্ষ একুশ হাজার ছয়শত আটানব্বই) টাকা মাত্র। পুন:সংশোধিত প্রাক্কলনটি গত ৩০-০৫-২০২১ খ্রি: তারিখ উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন দেয়া হয় (সভার কার্যবিবরণী কপি সংযুক্ত)। ঠিকাদার কর্তৃক কাজটি ২৯-০৬-২০২১ খ্রি: তারিখে সমাপ্ত করা হয়। ৫% কম দরে মোট ২৩,০০,৬১২/-(তেইশ লক্ষ ছয়শত বার) টাকার চূড়ান্ত বিল প্রস্তুত করে ঠিকাদারকে প্রাপ্ত ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকা আংশিক বিল প্রদান করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে "উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসাবাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তা ঘাটলা মেরামত উপ-খাতের" আওতায় কোন বরাদ্দ না পাওয়ায় ঠিকাদারে অবশিষ্ট (২৩,০০,৬১২-১৫,০০,০০০) = ৮,০০,৬১২/-(আট লক্ষ ছয়শত বার) টাকা পরিশোধ করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তার ঠিকাদারের অবশিষ্ট বিল বাবদ ৮,০০,৬১২/- টাকা পরিশোধের এবং কমপ্লেক্সের অভ্যন্তরীন উন্নয়ন কাজ করার নিমিত্ত আরও অতিরিক্ত ২২,০০,০০০/- (বাইশ লক্ষ) টাকা বরাদ্দের চাহিদাপত্র প্রেরণের জন্য সভায় প্রস্তাব করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে "উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসাবাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তা ঘাটলা মেরামত উপ-খাতের" আওতায় ঠিকাদারের অবশিষ্ট অর্থ বাবদ ৮,০০,৬১২/-(আট লক্ষ ছয়শত বার) টাকার বিলসহ উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরীন অন্যান্য উন্নয়ন কাজ করার নিমিত্ত আরও অতিরিক্ত ২২,০০,০০০/- (বাইশ লক্ষ) টাকা বরাদ্দের চাহিদাপত্র স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের অনুকূলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধসহ বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে ঠিকাদারের বিল পরিশোধের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ,জামালপুর। |

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৬.০৭.২০২২

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৬১০/১(৪০)
তারিখ ঃ ২৩ জুন ২০২২ খ্রি:।

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(হালিশার রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৬১০/১(০৮)
তারিখ ঃ ২৩ জুন ২০২২ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ

১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।